দৈনিক সংবাদ

তারিখ ... 04 FEB 1990 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

13

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রসঙ্গে

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর নিয়ে বিজ্ঞ মহলের মধ্যে আলোড়ন সৃষ্টি হয়েছে। দরিদ্র এ দেশের অর্থনৈতিক অবস্থা এমন নয় যে, গাজীপুর বা কুষ্টিয়ায় নতুন করে আরেকটি বিশ্ববিদ্যালয় করা সম্ভব। কিন্তু উচ্চ মাধ্যমিক পাস এরকম ছাত্র-ছাত্রীর তুলনায় উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান অনেক অল্প যেমন ঢাকা বিশ্ববিদ্যালয় ৩ হাজার ৫ শ' আসনের জন্য ভর্তি পরীক্ষার্থী ৩৯ হাজার জন। আবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়-কলেজের ছাত্রছাত্রীদের প্রাণের দাবী কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করতে হবে।

এই পরিপ্রেক্ষিতে গাজীপুর ইসলামী বিশ্ববিদ্যালয়কে কুষ্টিয়ায় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়-কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করে গাজীপুর স্থানান্তর করে উক্ত বিশ্ববিদ্যালয়ের অন্যান্য বিভাগের সাথে ইসলামী বিভাগও সংযোজন করা হউক।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়-কলেজের পক্ষে—নজরুল (পরিসংখ্যান), মুকুল (ইংরেজী), রিপন (উদ্ভিদ বিদ্যা), শহীদুল, মধু (ভূগোল), হক, কবীর (গণিত), আফসার (রাষ্ট্র বিজ্ঞান), আজাদ (এম, এ দর্শন), নূর মোহাম্মদ, নাসের (এম, এস, সি রসায়ন)।